# বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীতে পাঁচ দিনের কর্মসূচি



ছবি: সংগৃহীত

দলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পাঁচ দিনের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। বুধবার (২৬ আগস্ট) রাজধানীর নয়াপল্টনে দলের যৌথসভা শুরুর আগে সাংবাদিকদের এ কর্মসূচির বিষয়ে জানান বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ।

তিনি জানান, কর্মসূচির প্রথম দিন ১ সেপ্টেম্বর সকাল ৯টায় শেরেবাংলা নগরে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানাবেন বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান।

এ ছাড়া ৫ সেপ্টেম্বর প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় দলের শীর্ষ নেতারা বক্তব্য দেবেন।

রুহুল কবির রিজভী বলেন, সেপ্টেম্বরের সুবিধাজনক সময়ে আরও দুটি কর্মসূচি পালন করা হবে। এর মধ্যে একটি কর্মসূচিতে উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করবেন দলের যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল। আরেকটি কর্মসূচিতে বৃক্ষরোপণের নেতৃত্ব দেবেন যুগ্ম মহাসচিব শহিদ উদ্দিন চৌধুরী এ্যানি।

তিনি জানান, প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে আরও কয়েকটি কর্মসূচি নেওয়ার পরিকল্পনা রয়েছে। এসব কর্মসূচির খসড়া দলীয় চেয়ারম্যানের সঙ্গে আলোচনা করে চূড়ান্ত করা হবে।

নয়াপল্টনের যৌথসভায় বিএনপির যুগ্ম মহাসচিবদের পাশাপাশি ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের আহ্বায়ক ও সদস্য সচিব এবং দলটির অঙ্গ ও সহযোগী সংগঠনের কেন্দ্রীয় সভাপতি, আহ্বায়ক, সাধারণ সম্পাদক ও সদস্য সচিবরা উপস্থিত ছিলেন।